মুজিবনগরে জেলা জামায়াতের আমিরসহ ১৩ জন আটক

মেহেরপুরের মুজিবনগরে গোপন বৈঠক করার সময় মেহেরপুর জেলা জামায়াতের আমির তাজউদ্দীন খানসহ ১৩ জামায়াত কর্মীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। এদের মধ্যে ৮জন পুরুষ ও ৫ জন নারী কর্মী রয়েছে।
বৃহস্পতিবার সকাল ৭ টার দিকে মুজিবনগর উপজেলার শিবপুর মাদ্রাসার পাশে ফজলুল হক গাজীর বাড়ি থেকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে ৩ টা ককটেল, অসংখ্য জিহাদী বই ও ৫টি মোটর সাইকেল জব্দ করা হয়েছে বলে জানায় পুলিশ।
এছাড়া সরকার বিরোধী ষড়যন্ত্রমূলক গোপন সভা করার সময় তাদেরকে আটক করা হয়েছে বলে দাবি করেছে পুলিশ।
আটককৃতরা হলেন, মুজিবনগর উপজেলার বল্লভপুর মুসলিমপাড়ার মৃত,আবুল হোসেন খানের ছেলে মেহেরপুর জেলা জামায়াতের আমির তাজউদ্দীন খান(৪৮), দারিয়াপুর কাবারীপাড়ার মৃত সফল উদ্দীনের ছেলে জেলা জামায়াতের সমাজ কল্যান বিষয়ক সম্পাদক জারসিন হুসাইন(৬৭), গৌরিনগর মসজিদ পাড়ার সিরাজুল ইসলামের ছেলে জেলা জামায়াত ইসলামে তালিমুল কুরআন বিভাগের পরিচালক মশিউর রহমান(৬২), বিশ্বনাথপুর দক্ষিনপাড়ার মোজাম্মেল হকের ছেলে মুজিবনগর উপজেলা জামায়াত ইসলামের আমির খানজাহান আলী(৩৫), বিশ্বনাথপুর মালু পাড়ার মৃত,আমানুল হকের ছেলে মুজিবনগর উপজেলা জামায়াত ইসলামের সেক্রেটারী খায়রুল বাশার(৪২), দারিয়াপুর কান্দিপাড়ার চাদ আলীর ছেলে মুজিবনগর উপজেলা জামায়াতের ইসলাম দাওয়াত বিভাগের সেক্রেটারী ফিরাতুল ইসলাম(৪৫),শিবপুর উত্তরপাড়ার মৃত,ছাবেন উদ্দীন বিশ্বাসের ছেলে মুজিবনগর উপজেলা জামায়াত ইসলাম আদর্শ শিক্ষক পরিষদের সেক্রেটারী মোশারফ হোসেন(৪৬),শিবপুর মাদ্রাসা পাড়ার মৃত,কিয়ামুদ্দিন গাজীর ছেলে মুজিবনগর উপজেলা জামায়াত ইসলাম শ্রমিক কল্যান বিভাগের সেক্রেটারী ফজলুল হক গাজী।
নারী কর্মীরা হলেন, বিশ্বনাথপুর গ্রামের খাইরুল বাসারের স্ত্রী সাহেরা খাতুন(৩৮), বিশ্বনাথপুর গ্রামের খানজাহান আলীর স্ত্রী মমতাজ বেগম(৩৫), শিবপুর গ্রামের আসাদুল হকের স্ত্রী উম্মে হানি(৩৮), গোপালনগর গ্রামের মোশারফ হোসেন স্ত্রী রোকেয়া খাতুন(৪০),গৌরিনগর মসজিদপাড়ার মশিউর রহমানের স্ত্রী সেলিনা আক্তার(৪৫)।

মুজিবনগর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল হাসেম জানান, শিবপুর গ্রামের ফজলুল হক ফজু গাজির বাড়িতে গোপন সভা করছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় মুজিবনগর থানা পুলিশের একটি দল। সেখান থেকে বাড়ির মালিকসহ ১৩ জনকে আটক করা হয়। এদের মধ্যে জামায়াতের ৫ জন নারী কর্মীও রয়েছেন। তাদের কাছ থেকে ৩টি ককটেল, বিপুল সংখ্যক জিহাদী বই ও ৫টি মোটর সাইকেল উদ্ধার করে জব্দ দেখানো হয়েছে। আটক ১৩ নেতাকর্মীর নামে মামলা দেয়া হয়েছে। বিকালের দিকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে।

নগদ টাকা ও স্বর্ণালংকার নিয়ে বউ পালিয়ে যাওয়ার অভিযোগ

মেহেরপুরে নগদ টাকা ও স্বর্ণালংকার নিয়ে বউ পালিয়ে যাওয়ার অভিযোগ করেছে স্বামী বিপ্লব। গত ২৪ তারিখ মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রাম বিপ্লবের বাড়ি থেকে পালিয়ে যায় বলে জানিয়ে বিল্পব।

এ বিষয়ে মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগও করেছে বিপ্লব। বিপ্লব মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের মনিরুলের ছেলে ও পেশায় একজন রাজমিস্ত্রী।

বিপ্লব জানান, গত ২৪ মার্চ আমরা স্ত্রী শারমিন খাতুন নগদ ২ লাখ টাকা ও স্বর্ণালংকার নিয়ে কাউকে কিছু না বলে চলে যায়। অনেক খুঁজাখুঁজির পরও তার সাথে যোগাযোগ করতে না পেরে থানায় অভিযোগ দিই।

এবিষয়ে শারমিনের পিতা শাহিনের সাথে মোবাইল ফোনে (০১৯২০৭৫৩৪৪৮) একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করা হলেও সে ফোন রিসিভ করেনি।

এ বিষয়ে মুজিবনগর থানার এস আই আরিফ জানান, বিপ্লবের বউ চলে যাওয়া প্রসঙ্গে থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছে।

আমরা তাকে উদ্ধার করার চেষ্টা করছি। তবে ইতিমধ্যে শারমিন তার

স্বামী বিপ্লবকে তালাক দিয়েছে বলে শোনা যাচ্ছে।

স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় নেতাদের মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ

জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষীকি উপলক্ষে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেছে বাংলাদেশ স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দরা।

রবিবার বিকালে চুয়াডাঙ্গা থেকে সরাসরি সড়ক পথে মুজিবনগর এসে বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নির্মল রন্জন গুহ’র নেতৃত্বে এ পুষ্পামাল্য অর্পণ করা হয়।

এ সময় বাংলাদেশ কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক একেএম আফজালুর রহমান, সহ সভাপতি নির্মল কুমার চ্যাটার্জী, সৈয়দ নাসির উদ্দীন, যুগ্ম সাধারণ সম্পাদক খাইরুল হাসান জুয়েল, সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম, দপ্তর সম্পাদক আজিজুল হক আজিজ, সদস্য আদনান সুমন,
মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল এনাম বকুল, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি বেলাল হাসান বিপ্লাব, সহ সভাপতি মতিউর রহমান মতিন, সাধারণ সম্পাদক শাহ্ আরিফ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দরা মুজিবনগর পৌছালে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা তাদের ফুলেল শুভেচ্ছা জানান।

করোনা মোকাবেলায় মুজিবনগরে থানা পুলিশের সচেতনতা মূলক কর্মসূচি

“মাস্ক পরার অভ্যাস করোনা মুক্ত বাংলাদেশ” এ শ্লোগানে মুজিবনগরে কোভিড ১৯ করোনা ভাইরাসের দ্বিতীয় ধাপের সংক্রমণ প্রতিরোধে এবং বাংলাদেশে সংক্রমণ বাড়তে থাকায় সামাজিক দুরত্ব বজায় রাখাসহ মাস্ক পরিধান করার জন্য জনগন কে সচেতন করতে এক যোগে বাংলাদেশের সমগ্র জেলা উপজেলায় বাংলাদেশ পুলিশ এর উদ্যোগে সচেতনতামূলক কার্যকম পরিচালিত হচ্ছে।

তারই অংশ হিসাবে সকাল ১০ টার সময় মুজিবনগর থানা পুলিশের উদ্যোগে কেদারগন্জ বাজারে মাস্ক বিতরণ ও সচেতনতামূলক কার্যকম পরিচালিত করা হয়।

মেহেরপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (হেড কোয়াটার) এস এম ফয়সাল প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে কার্যকমের উদ্বোধন করেন।

এসময় মুজিবনগর থানার অফিসার ইনচার্য (ওসি) আব্দুল হাশেম, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,সাধারণ সম্পাদক হেকমত আলী, মুজিবনগর থানার এস আই বাবলু মিয়া,এস আই আজম বিশ্বাস, শ্রমীক নেতা আনছার আলী সহ মুজিবনগর থানা পুলিশের সদস্যবৃন্দ উপস্হিত ছিলেন।

এ সময় সাধারণ মানুষের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয় এবং মাস্ক পরিধান ও করোনা ভাইরাস মোকাবেলায় পরামর্শ দেওয়া হয়।

ভারতের সাথে সেতুবন্ধন হিসেবে কাজ করবে ‘স্বাধীনতা সড়ক’- এলজিআরডি মন্ত্রী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, মেহেরপুরের মুজিবনগর থেকে ভারতের নদীয়া হয়ে কলকাতা পর্যন্ত ‘স্বাধীনতা সড়কটি’ ভারতের সাথে বাংলাদেশের সেতুবন্ধন হিসেবে কাজ করবে। যে সড়ক ধরে ১৯৭১ সালের ১৭ এপ্রিল জাতীয় চার নেতা মুজিবনগরে এসে শপথ নিয়েছিলেন। জাতীয় চার নেতার সাথে এই সড়ক ধরে এসেছিলেন অসংখ্য বিদেশি সংবাদকর্মী ও মুক্তিযোদ্ধা। বাঙালি জাতির কাছে এ সড়কটির গুরুত্ব অপরিসিম।

আজ শনিবার (২০ মার্চ) সকাল ১১টার দিকে মেহেরপুরের মুজিবনগরে সদ্য নির্মিত স্বাধীনতা সড়ক পরিদর্শন শেষে এসব কথা বলেন তিনি।

তিনি বলেন, ভারতের সাথে চুক্তি অনুযায়ী বাংলাদেশের অংশের ৫০০ মিটার রাস্তার কাজ আমরা শেষ করেছি। ভারতের অংশের কাজ ভারত সরকার শেষ করবে। কবে নাগাদ উদ্বোধন হবে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সূবর্ণজয়ন্তী উদযাপন অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী আগামী ২৬ মার্চ বাংলাদেশে আসবেন। ২৬/২৭ মার্চ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বাধীনতা সড়কের উদ্বোধন করবেন।

স্বাধীনতা সড়ক পরিদর্শনে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন। এর আগে সকাল সাড়ে দশটার দিকে ঢাকা থেকে হেলিকপ্টার যোগে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মুজিবনগরে এসে পৌঁছান। পরে মুজিবনগর স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ শেষে স্বাধীনতা সড়ক পরিদর্শন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, এলজিইডির নির্বাহী প্রকৌশলী আসাদুজ্জামান প্রমুখ।

উল্লেখ্য, মুজিবনগর থেকে কলকাতা পর্যন্ত ‘স্বাধীনতা সড়ক’ নির্মাণ করছে স্থানীয় সরকার মন্ত্রণালয়। এক কোটি চার লাখ টাকা ব্যয়ে

বাংলাদেশের অংশের ৫০০ মিটার রাস্তার কাজ শেষ হয়েছে।

মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা রমজান আলীর দাফন

মেহেরপুরের মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা রমজান আলী বিশ্বাসের দাফন সম্পন্ন হয়েছে। গতকাল রবিবার সন্ধ্যা ৬টার দিকে গোপাল নগর কবস্থানের সামনে তাঁকে গার্ড অব অনার প্রদান করা হয়।
এর আগে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন।
এ সময় মুজিবনগর থানা অফিসার ইনচার্জ এর পক্ষে এস আই আব্দুল আলিম, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন, লুৎফর রহমান, হারুন অর রশিদ, মতিয়ার রহমান, ইসমাইল হোসেন, হাইবতুল্লাহ উপস্থিত ছিলেন।
গার্ড অব অনারের সময় উপস্থিত সকলে মৃত বীর মুক্তিযোদ্ধা রমজান আলী বিশ্বাসের মরদেহ জতীয় পতাকা দিয়ে আচ্ছাদন করে সন্মান প্রদর্শন করেন।
পরে মুজিবনগর থানার এসআই আব্দুল আলিমের নেতৃত্বে পুলিশের একটি চৌকশ দল রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন।
গার্ড অব অনার শেষে গোপালনগর কবস্থানে তার লাশ দাফন করা হয়। উল্লেখ্য, মুজিবনগর উপজেলার বীর মুক্তিযোদ্ধা রমজান আলী বিশ্বাস
(৯০) দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। গতকাল রবিবার বিকালে বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে ইন্তেকাল করেন। বীর মুক্তিযোদ্ধা রমজান আলী বিশ্বাস মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের গোপালনগর গ্রামের মৃত লোকমান আলীর ছেলে। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ পুত্র ও ৫ কন্যা সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-পার্থী শাহীন উদ্দীন শাহীন এর নির্বাচনী কর্মীসভা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ও মুজিবনগর উপজেলার ৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ-প্রার্থী মেহেরপুর জেলা পরিষদের সদস্য এবং বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক শাহীন উদ্দীন শাহীনের সমর্থনে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামে নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগরের আনন্দবাস গ্রামের ৭,৮,৯ ওয়ার্ডবাসির আয়োজনে এ নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়। নির্বাচনী কর্মীসভায় বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন এর সভাপতিত্বে, কর্মীসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের সদস্য ও আসন্ন বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-প্রার্থী শাহীন উদ্দীন শাহীন। কর্মীসভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগের বিভিন্ন অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ।
নির্বাচনী কর্মীসভায় আগামী নির্বাচনে শাহীন উদ্দীন শাহীনকে বাগোয়ান ইউনিয়নের নৌকার পার্থী হিসেবে আওয়ামী লীগের মনোনয়ন দিয়ে চেয়ারম্যান নির্বাচিত করতে আনন্দবাস গ্রামের ৭,৮,৯ নং ওয়ার্ডের সর্বস্তরের জনসাধারণ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এর কাছে দাবি জানান।

মুজিবনগরে ভৈরব নদীতে নিষিদ্ধ গিটি জাল আটক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা

মেহেরপুরের মুজিবনগরে ভৈরব নদীতে ১৫০০ বর্গ মিটার মাছ ধরার নতুন পদ্ধতি দোয়াড়ি আকৃতির চায়না গিটি জাল আটক করে মুজিবনগর উপজেলা মৎস অফিস।

আজ সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলার দারিয়াপুর দক্ষিণ পাড়া মসজিদের সামনে ভৈরব নদীতে পাতা অবস্থায় এ সমস্ত জাল আটক করা হয়।

মুজিবনগর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, উপজেলা মৎস্য অফিসের লিফ জিয়াউর রহমান ও আনিছুর রহমানের তথ্যের ভিত্তিতে উপজেলা মৎস্য অফিসের ক্ষেত্র সহকারি আহসান হাবিব সহ উপজেলা মৎস্য বিভাগ ভৈরব নদীতে অভিযান পরিচালনা করে এ সমস্ত নিষিদ্ধ জাল পানির নিচে পাতা অবস্থায় স্থানীয়দের সহযোগীতায় উদ্ধার করা হয় কিন্তু জালের মালিককে খুজে পাওয়া যায়নি উদ্ধার কৃত জালের মূল্য প্রায় ৪০ হাজার টাকা।

পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম জানান, মৎস্য সংরক্ষন আইন ১৯৫০ এর ধারা অনুযায়ী নিষিদ্ধ উদ্ধার কৃত ১৫০০ বর্গমিটার জাল জন সম্মুখে পুড়িয়ে বিনিষ্ট করা হয়।

এ সময় ভ্রাম্যমাণ আদালতকে সহযোগীতা করেন মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই মোমিনুর রহমান ও সঙ্গীও ফোর্স।

মুজিবনগরে মাতৃভাষা দিবস উপলক্ষে স্বেচ্ছাসেবক লীগের শ্রদ্ধাঞ্জলী প্রদান

২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে মুজিবনগরে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেছেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগ।

রবিবার ২১ এর প্রথম প্রহরে মুজিবনগর উপজেলা পরিষদ শহীদ বেদিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিন ও সাধারন সম্পাদক আরিফ শাহ্’র নেতৃত্বে পুষ্পমাল্য অর্পনের সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহব্বায়ক সাইদুর রহমান, রিপন আলী, আল মামুন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ওমর ফারুক,

সাংগঠনিক সম্পাদক জহির আলী, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাহাজান সিরাজ দোলন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি হাবিবুর রহমান, সাধারণ সম্পাদক আবু নাঈম ডালিম,স্বেচ্ছাসেবক লীগ নেতা ওয়াসিমসহ ইউনিয়ন ও ওয়ার্ডের নেতাকর্মীরা।

মুজিবনগরে বৈদ্যুতিক শকে রাজমিস্ত্রি নিহত

মেহেরপুরের মুজিবনগরে বৈদ্যুতিক শকে শাহিন (১৯) নামে এক রাজমিস্ত্রীর যোগালে নিহত হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে আন্দবাস মন্ডলপাড়ার রসূল মল্লিক এর ছেলে শাহিন রাজমিস্ত্রীর যোগালে হিসেবে কাজ করত। ঘটনার দিন সে আনন্দবাস কাল্টাপাড়ার মৃত আকমান কয়ালের ছেলে বগা কয়ালের বাড়ি

কাজে যায়।

বিকালের দিকে ঘরের জল ছাদের ঢালায় এর কাজ করছিল। বিদুৎ এর তারে কাভার দেওয়া থাকার কারণে ভুল বসত তারে হাত দিয়ে কাজ করছিল এ সময় সে বিদুৎস্পৃষ্ট হয়ে লুটিয়ে পড়ে। তাকে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

রসূল মল্লিকের দুই ছেলে এক মেয়ে। বড় ছেলে সালাম ১০ বছর আগে রোড একসিডেন্ট এ মারা যায়। শাহিন ছিল তার একমাত্র ছেলে। তার অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। এক মাত্র ছেলেকে হারিয়ে পাগল প্রায় রসৃল ও তার স্ত্রী।